গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

ভূমি মন্ত্রণালয়

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২১.২৩৩ তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ / ১৭ জুন ২০২১

ভূমি সংস্কার বোর্ডের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর<br>টাকা- ১১০০০-২৬৫৯০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫,<br>(গ্রেড-১৩) | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | সমস্ত জেলা |
| ২। | অফিস সহায়ক<br>টাকা-৮২৫০-২০০১০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫<br>(গ্রেড-২০) | ০৩ (তিন) টি<br>ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়-০১ জন<br>উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, রংপুরে -০১ জন<br>এবং<br>উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে -০১ জন | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | নারায়নগঞ্জ, রাজশাহী, সাতক্ষীরা, ঢাকা, বরিশাল, শেরপুর, ময়মনসিংহ, নরসিংদী, যশোর, রংপুর, টাঙ্গাইল, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, খুলনা, ফরিদপুর, চাঁদপুর, মুন্সিগঞ্জ ও কুমিল্লা **ব্যতীত অন্যান্য জেলা।** |

শর্তাবলীঃ

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২০ জুন, ২০২১ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (মুক্তিযোদ্ধার নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অনলাইনে দরখাস্ত দাখিলের সময় স্ব স্ব কর্তৃপক্ষের নিকট থেকে চাকরিতে আবেদন করার জন্য ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল ছাড়পত্র প্রদর্শন করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৫। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র এবং মুক্তিযোদ্ধা বা অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৬। আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

৭। এক জেলা বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২০ জুন, ২০২১ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii. online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১ জুলাই, ২০২১ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. online –এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb হতে হবে।

গ. online –এ আবেদনপত্রের পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক নং-০১ পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকা সহ মোট ১১২/- (একশত বারো) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ক্রমিক নং ০২ পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকা সহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, Online –এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: LRB ‹space› User ID লিখে Send করতে হবে 16222 নম্বর।

Example: LRB ABCDEF

Reply: Applicant's Name, TK- 112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678.

**দ্বিতীয় SMS**: LRB ‹space› Yes ‹space› PIN লিখে Send করতে হবে 16222 নম্বর।

Example: LRB YES 12345678

Reply: congratulations Applicat's Name. payment completed successfully for LRB Application for post xxxxxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxxxxxx)

দ্বিতীয় SMS পাঠানোর পর ফিরতি SMS এ password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://lrb.teletalk.com.bd অথবা www.lrb.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।

ছ. SMS- এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে LRB ‹space›HelP ‹space› User‹space› User ID & Send to 16222

Example: LRB Help User ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে LRB ‹space› Help‹space› PIN‹space› PIN No & Send to 16222

Example: LRB HELP PIN 12345678 & Send to 16222

ঋ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd এবং alrc1@lrb.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (mail এর subject- এ Organization Name: LRB, post Name............ Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১০) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১) এই বিজ্ঞপ্তিটি সরাসরি ভূমি সংস্কার বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে (www.lrb.gov.bd) এবং http://lrb.teletalk.com.bd এ পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
(মোঃ রেজাউল কবীর )
উপ-ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২১.২৩৩

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ / ১৭ জুন ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সদস্য (প্রশাসন/ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৩. উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৪. উপ-ভূমি সংস্কার কমিশনার-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫. সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২ অধিশাখা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৭. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।।
০৯. নোটিশ বোর্ড/ অফিস কপি।

২৭.০৬.২১

(মুহাম্মদ রফিকুল ইসলাম)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন:০২-৮১৭০১৫২
ই-মেইল-alrc1@lrb.gov.bd